*"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"*

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২২**

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)**
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/নিয়োগ-৩৯/শিক্ষক

২৫ আগস্ট ২০২২

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এ নিম্নেবর্ণিত স্থায়ী পদসমূহে জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১। | অধ্যাপক<br>বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৫৫ বৎসর (সর্বোচ্চ)<br>**বিষয়:** ইংরেজি | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করিতে হইবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হইতে হইবে।<br>(খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ সর্বমোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/ Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্ণালে থাকিতে হইবে। |
| ০২। | **সহযোগী অধ্যাপক**<br>বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৪৫ বৎসর (সর্বোচ্চ)<br>**বিষয়সমূহ:**<br>ক। সমাজ বিজ্ঞান<br>খ। ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স<br>গ। ম্যানেজমেন্ট<br>ঘ। কম্পিউটার সাইন্স অ্যান্ড সফট্ওয়্যার ডেভেলপমেন্ট<br>ঙ। ফাইন্যান্স<br>চ। মার্কেটিং<br>ছ। অ্যাকাউন্টিং | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল 'ঙ' অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করিতে হইবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হইতে হইবে।<br>খ) **অভিজ্ঞতা:** প্রার্থীকে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৭ (সাত) টি প্রকাশনা থাকিতে হইবে । তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/ Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্ণালে থাকিতে হইবে।<br>(ঘ) বিইউপির অভ্যন্তরীন শিক্ষকগন এর ক্ষেত্রে অভিজ্ঞতা ও প্রকাশনার শর্তাবলী নিম্নরূপ হইবে:<br>**অভিজ্ঞতা:**<br>(i) স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৮ (আট) বছরসহ মোট ন্যূনতম ১৫ (পনের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(ii) এমফিল (থিসিসসহ) ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(iii) পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**প্রকাশনা:**<br>(i) প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে । তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যেগুলির মধ্যে First Author/ Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার নূন্যতম ০১টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্ণালে থাকিতে হইবে। |

| | | |
|---|---|---|
| ০৩। | **সহকারী অধ্যাপক**<br>বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৪০ বৎসর (সর্বোচ্চ)<br>**বিষয়সমূহ:**<br>ক। সমাজ বিজ্ঞান<br>খ। ফাইন্যান্স<br>গ। ম্যানেজমেন্ট<br>ঘ। মার্কেটিং<br>ঙ। অ্যাকাউন্টিং<br>চ। ডেভেলপমেন্ট স্টাডিজ<br>ছ। ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স<br>জ। ইকোনমিক্স<br>ঝ। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন<br>ঞ। এনভায়রনমেন্টাল সাইন্স<br>ট। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং<br>ঠ। ইন্টারন্যাশনাল রিলেশনস<br>ড। আইন<br>ঢ। মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম<br>ণ। পিস, কনফ্লিক্ট অ্যান্ড হিউম্যান রাইটস | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফসিল 'ঙ' অনুযায়ী। এমফিল/সমমান অথবা পিএইচডি/সমমান ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>**(খ) অভিজ্ঞতা:**<br>১. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত (থিসিসসহ) প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ২ (দুই) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ন্যূনতম ১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(গ) **প্রকাশনা:** স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| ০৪। | **প্রভাষক**<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর (সর্বোচ্চ)<br>**বিষয়সমূহ:**<br>ক। ইংরেজি (ল্যাংগুয়েজ টিচিং এন্ড অ্যাপ্লাইড লিংগুইস্টিক)<br>খ। ফাইন্যান্স | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফসিল 'ঙ' অনুযায়ী। এমফিল/সমমান অথবা পিএইচডি/সমমান ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

<u>শর্তাবলি :</u>

**১। প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া আগামী ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে মধ্যে (০৮০০ হতে ১৪৩০ ঘটিকা) 'রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা-১২১৬' এই ঠিকানায় ডাকযোগে পৌছাইতে হইবে।**

২। শিক্ষক পদের জন্য ফরম নং-১ প্রযোজ্য। বিইউপির ওয়েবসাইট <u>www.bup.edu.bd/downloads/all</u> লিংক এর Forms হইতে ফরম ডাউনলোড করিয়া আবেদন করিতে হইবে।

৩। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে ৭০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৭ কপি রঙিন সত্যায়িত ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডযুক্ত) সংযুক্ত করিতে হইবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানের নিকট হইতে প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

**৭। জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।**

৮। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

৯। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি।

১০। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিইউপিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়সসীমা প্রযোজ্য নহে।

১১| পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো পরীক্ষায় প্রথম/ দ্বিতীয়/ তৃতীয় স্থান অধিকারকারী কোনো প্রার্থীর জিপিএ/সিজিপিএ তফশিল 'ঙ' অপেক্ষা কম হইলেও কর্তৃপক্ষের বিবেচনা সাপেক্ষে শিথিলযোগ্য।

১২। ২১ জুন ২০২২ তারিখের পূর্বে নিয়োগকৃত বিইউপির অভ্যন্তরীণ শিক্ষকদের পরবর্তী উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকালীন এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার ফলাফলের মান গ্রহণযোগ্য হইবে।

**১৩। খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করিতে হইবে।**

**১৪। ০৭ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে দাখিল করিতে হইবে।**

১৫। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৬। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।

১৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

২০। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসমূহের পদসংখ্যা নির্ধারণ ও হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। বর্ণিত বিজ্ঞাপনে সকল পদসমূহের কর্মস্থল হইবে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা এবং বিইউপি, ফ্যাকাল্টি অব বিজনেস অ্যান্ড সোস্যাল সাইন্স (বাংলাদেশ মিলিটারী একাডেমি, ভাটিয়ারী, চট্টগ্রাম)।

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস